গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.২১১.১৮.১১৯.১৯.**৪৮৬** তারিখঃ ২৪/০৬/ ২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত গ্রেডের শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত পদনামের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আগামী ২৬/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যেসব জেলার প্রার্থীদের আবেদনের প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১. | অডিটর (গ্রেড-১১) ১২,৫০০-৩০,২৩০/- | ০৭ (সাত) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রী। | নেত্রকোনা, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, ঠাকুরগাঁও, গাইবান্ধা, সিরাজগঞ্জ, পিরোজপুর, খুলনা, সাতক্ষীরা, নড়াইল, বাগেরহাট, সিলেট, লক্ষীপুর, ফেণী, খাগড়াছড়ি |
| ২. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | সার্ভেয়ার (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন সার্ভে ডিগ্রী। | |
| ৪. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০৭ (সাত) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখ্য, প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা কম্পিউটারে গ্রহণ করা হবে;<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ শব্দ ও ৩০ শব্দ;<br>(ঘ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ শব্দ ও ৭০ শব্দ। | এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৫. | ক্যাশিয়ার (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ;<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৭. | সহকারী লাইব্রেরীয়ান (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ স্নাতক ও গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | ১২ (বার) টি | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নেত্রকোনা, সিরাজগঞ্জ, বগুড়া,কিশোরগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, টাংগাইল, ফরিদপুর, শরিয়তপুর, রাজবাড়ী, সাতক্ষীরা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, বরিশাল, পটুয়াখালী।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**আবেদন করার পদ্ধতিঃ**

২। ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা:

(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখে বয়স ১৮-৩০ বছর হতে হবে।

(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর।

(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অনুমতি পত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন ও ফটোকপি দাখিল করতে হবে।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও কোটার সমর্থনে (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের মুলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত ১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৯। এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী, উপজাতীয়, আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের পুত্র/কন্যার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যায়নপত্রের মূল সনদের ০১ (এক) সেট সত্যায়িত অনুলিপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

১০। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনবোধে যে কোন সংশোধন, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.modmr.gov.bd) পাওয়া যাবে।

১৪। নিম্নবর্ণিত নিয়মে আবেদনপত্রে দাখিল করতে হবেঃ

ক. চাকরি প্রার্থীগণকে http://modmr.teletalk.com.bd ওয়েবসাইটে উল্লিখিত লিংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

১) আবেদনপত্র দাখিলের ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

২) আবেদনপত্র ও পরীক্ষার ফিসহ সার্ভিস চার্জ submit করার শেষ তারিখঃ ২৬/০৭/২০২১ বিকাল ৫.০০ ঘটিকা।

খ. Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

গ. আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই এন্ট্রিকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবে।

ঘ. প্রার্থী Online-এ আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। SMS-এর মাধ্যমে প্রাপ্ত Serial Number-টি হার্ডকপির নির্ধারিত স্থানে অবশ্যই send করবেন।

ঙ. SMS প্রেরণের ও পরীক্ষার ফি নিম্নবর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করতে হবেঃ

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে সঠিকভাবে দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল আবেদনপত্র Submit সম্পন্নকারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন।

Applicant's copy-তে উল্লিখিত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১১ থেকে ১৬তম গ্রেডের পদের জন্য ১০০/- টাকা টেলিটকের সার্ভিস ফি বাবদ টেলিটক-কে ১২/- টাকা মোট ১১২/- এবং ২০তম গ্রেডের পদের জন্য ৫০/- টাকা টেলিটকের সার্ভিস ফি বাবদ টেলিটক-কে ৬/- টাকা মোট ৫৬/- অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য "Online-এ আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফিসহ সার্ভিস চার্জ জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র গৃহিত হবে না"।

**নিম্নবর্ণিত পদ্ধতিতে এসএমএস (SMS) করতে হবে:**

প্রথম SMS: MODMR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: MODMR<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://modmr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীগণকে) যথাসময়ে জানানো হবে। আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থীর এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে পরবর্তী ধাপসমূহের পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে MODMR<space>Help<space>User Id লিখে 16222 নম্বরে send করতে হবে।

উদাহরণঃ MODMR Help ABCDEF & send to 16222 (ABCDEF এর স্থনে User ID নং বসাতে হবে)।

(২) Pin Number জানা থাকলে MODMR<space> Help<space> Pin নং বসিয়ে 16222 নম্বরে send করতে হবে।

Example: MODMR Help 12345678 & send to 16222. (12345678 এর স্থলে Pin নং বসাতে হবে)।

ঝ. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভিন্ন গ্রেডভুক্ত কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি Online এ আবেদনপত্র পুরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://modmr.teletalk.com.bd এ পাওয়া যাবে।

28/1/21

(আবুল বায়েছ মিয়া)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
ফোনঃ ৯৫৪০৫৪২
ই-মেইল: jsadmin@modmr.gov.bd